বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

গোপনীয়

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৩০(২০১৫-২০১৬)/২০১৮-২০১৯ / তারিখঃ ২০.০১.২০১৯ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব আবু হাসান খান চৌধুরী, উর্ধতন কর্মকর্তা(সাময়িকভাবে বরখাস্তকৃত), বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, সাতক্ষীরা, ইতিপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, তালা শাখায় মাঠকর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বিকেবি ( কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা,২০০৮ এর ৩৮ (ক), (খ),(ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও আত্মসাৎ/প্রতারনামূলক অপরাধের জন্য ৪৩/১৫-১৬ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করিয়া ০৬.০৩.২০১৬ ইং তারিখের প্রকাঃ এইচআর এমডিঃ ৩ঃ১ঃ৩৩৩০ / ২০১৫-২০১৬/ ২৪১৮ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষংগিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব আবু হাসান খান চৌধুরী আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ),(অ)/(আ)/(ই)/(ঈ)/(উ) প্রবিধি মোতাবেক গুরুদন্ডে দন্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরী হইতে বরখাস্ত অথবা বিকল্প গুরুদন্ড প্রদান করা হইবে না-এই মর্মে অত্র বিভাগের ৩১.০৫.২০১৭ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৩০/২০১৫-২০১৬/৪০০৫ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারন দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও আত্মসাত/প্রতারনামূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ আপনি জনাব আবু হাসান খান চৌধুরী আপনাকে গুরু দন্ড তথা চাকুরী হইতে বরখাস্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৪। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক ( কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা,২০০৮ এর ৩৯ (১)(খ)(উ) প্রবিধি অনুসারে আপনি জনাব আবু হাসান খান চৌধুরী আপনাকে চাকুরী হইতে বরখাস্তের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

**বর্তমান ঠিকানা**
জনাব আবু হাসান খান চৌধুরী (এ-৩৯৯৬)
উর্ধতন কর্মকর্তা (বরখাস্তকৃত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়
সাতক্ষীরা।

**স্থায়ী ঠিকানা**
জনাব আবু হাসান খান চৌধুরী
পিতাঃ আবু নাছার খান চৌধুরী
গ্রামঃ পলাশপোল, ডাকঘর-সাতক্ষীরা
উপজেলাঃ সাতক্ষীরা, জেলা- সাতক্ষীরা।

স্বাক্ষরিত
(লুৎফুন নাহার নাজ)
উপ-মহাব্যবস্থাপক

---

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৩০(২০১৫-২০১৬)/২০১৮-২০১৯ / ২২১২৮ তারিখঃ ২০.০১.২০১৯ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা।
৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।
৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ / প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-২ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
৯। উপ-মহাব্যবস্থাপক, অভ্যন্তরীন নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, খুলনা।
১১। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, সাতক্ষীরা। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব আবু হাসান খান চৌধুরী এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। জনাব আবু হাসান খান চৌধুরী-কে পাওয়া না গেলে বা তিনি গ্রহণে অস্বীকৃতি জানাইলে তাহার কোন নিকট আত্মীয়ের (পিতা,মাতা, ভাই, বোন, স্ত্রী ও ছেলেমেয়ে) নিকট প্রাপ্তি স্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তর করিবেন। তাহারা উহা গ্রহণে অস্বীকৃতি জানাইলে ২ জন সাক্ষীর উপস্থিতিতে তাহার স্থায়ী ঠিকানার বসতবাড়ীর সদর দরজায় সহজে দৃশ্যমান হয় এমন স্থানে লটকাইয়া জারী করতঃ সাক্ষীগণের স্বাক্ষর, নাম, ঠিকানা ও মোবাইল নম্বর গ্রহণপূর্বক এতদসংক্রান্ত একটি প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। ইহাছাড়া, **বিকেবি, তালা শাখার উক্ত অভিযোগ সংশ্লিষ্ট ঋণ কেইসগুলোর অনাদায়ী টাকা আদায়ের নিমিত্তে শাখা কর্তৃক যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণের বিষয়টি তদারকি করার জন্য আপনাকে অনুরোধ করা হইল।**
১২। ব্যবস্থাপক,বিকেবি, তালা শাখা, সাতক্ষীরা। **জনাব আবু হাসান খান চৌধুরী (এ-৩৯৯৬) এর বিরুদ্ধে অভিযোগ সংশ্লিষ্ট ঋণ কেইসগুলোর অনাদায়ী টাকা আদায়ের নিমিত্তে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হইল।**
১৩। নথি/ মহানথি / মূলনথি।

20/01/2020
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক

D:\DILIP ROY\DILIP\DILIP ANNOUNS.doc